

# শিক্ষার্থী মেট্রোকার্ড উপরিচিত

## 'স্টুডেন্ট মেট্রোকার্ড' ব্যবহারের সময় আপনার নিম্নলিখিত অধিকার রয়েছে

- কার্ড হারিয়ে গেলে, নষ্ট বা চুরি হলে সেটির পরিবর্তে বিনামূল্যে আরেকটি মেট্রোকার্ড দেয়া হবে
- স্কুল অনুমোদিত কাজের জন্য অনুরোধক্রমে একটি বাড়তি দুই ট্রিপের মেট্রোকার্ড পাওয়া যাবে
- স্কুল চালু থাকাকালে প্রতিদিন তিনটি ট্রিপ এবং তিনটি ট্রান্সফারের জন্য 'স্টুডেন্ট মেট্রোকার্ড' মেট্রোকার্ড ব্যবহার করুন; বাস থেকে সাবওয়ায়েতে, বাস থেকে অন্য একটি বাসে অথবা সাবওয়ায়ে থেকে বাসে বিনা মূল্যে ট্রান্সফার পাওয়া যায়
- মেট্রোকার্ডের যথাযথ ব্যবহার অথবা গণ পরিবহন ব্যবহারে গাইডেন্সের বিষয়ে স্কুল কর্মীদের সহায়তা

## লভ্য 'স্টুডেন্ট মেট্রোকার্ড'-এর ধরনসমূহ

পূর্ণ-ভাড়ার 'স্টুডেন্ট মেট্রোকার্ড' শিক্ষার্থীদের ফ্রি-তে স্কুলে যাতায়াতে এবং স্কুল-সম্পর্কিত কর্মকাণ্ডে বাস এবং সাবওয়ায়েতে ভ্রমণের সুবিধা প্রদান করে; আরও তথ্যের জন্য ট্রান্সপোর্টেশন যোগ্যতার পেজ দেখুন:

<https://www.schools.nyc.gov/school-life/transportation/bus-eligibility>

স্কুলে যাতায়াতে প্রতিবার একাধিক ট্রান্সফারের প্রয়োজন হয়, তাদের জন্য চার ট্রিপের স্পেশাল মেট্রোকার্ড রয়েছে; এধরনের কার্ড আপনার স্কুল থেকে চেয়ে নিতে হবে।

নির্দিষ্ট পরিস্থিতিতে সম্প্রসারিত পরিষেবা অথবা স্কুল অনুমোদিত প্রোগ্রাম অথবা কর্মকাণ্ডে অন্য ধরনের মেট্রোকার্ড পাওয়া যেতে পারে এবং সেগুলো স্কুল অথবা DOE-এর অনুমোদনসাপেক্ষ

## স্কুল অনুমোদিত কর্মকাণ্ডগুলি কী?

নিম্নলিখিতগুলো স্কুল অনুমোদিত কর্মকাণ্ড হতে পারে, কিন্তু তা এতেই সীমিত নয়; অ্যাকাডেমিক প্রোগ্রাম যেমন টিউটরিং, রিজেন্টস্-এর জন্য প্রস্তুতি এবং কলেজ ক্লাস, শনিবারের অ্যাকাডেমিক প্রোগ্রাম, এবং কমিউনিটি সার্ভিস। স্কুল প্রিন্সিপ্যালগণ নির্ধারণ করেন কোনটি “স্কুল-সম্পর্কিত” অথবা “স্কুল অনুমোদিত” কাজ বিবেচিত হবে। যেহেতু স্কুল এই কাজের দায়িত্ব গ্রহণ করে, তাই আপনার স্কুল তখন এইসব কর্মকাণ্ডের জন্য মেট্রোকার্ড প্রদান করতে সক্ষম হবে, এমন কি সেটি ক্লাসরুম অথবা স্কুল বিল্ডিংয়ের বাইরে হলেও।

## আপনাকে শিক্ষার্থী মেট্রোকার্ড দিতে অস্বীকৃতি জানালে কী ঘটবে

আপনার স্কুল যদি অনুরোধকৃত মেট্রোকার্ড দিতে অস্বীকৃতি জানায়, সেক্ষেত্রে আপনি OPT কাস্টমার সার্ভিসের (718) 392-8855 নম্বরে ফোন করতে পারেন। অনুগ্রহ করে আপনি কাস্টমার সার্ভিস এজেন্টকে বলুন আপনাকে মেট্রোকার্ড দিতে অস্বীকৃতি জানানো হয়েছে এবং একটি ইনসিডেন্ট নম্বর সংগ্রহ করুন।

## আপনার যদি কোনও প্রশ্ন থাকে

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

## 'স্টুডেন্ট মেট্রোকার্ড' মেট্রোকার্ড সম্পর্কিত আরও তথ্যের জন্য

<https://www.schools.nyc.gov/school-life/transportation/metro-cards>